

প্রথম আশে

অস্থায়ী উপাচার্যের আশ্বাসে অনশন কর্মসূচি স্থগিত

শেষ পৃষ্ঠার পর  
 ক্যাম্পাস সূত্র জানায়, গতকাল বিকেল সাড়ে চারটায় বাংলাদেশ মহিলা পরিষদের কেন্দ্রীয় কমিটির সভানেত্রী আয়শা বনাম সাধারণ সম্পাদক ড. মালেকা বানু প্রচারে সম্পাদক কাজী মুফিয়া আকার, বাংলাদেশ ছাত্র ইউনিয়নের সাবেক কেন্দ্রীয় সভাপতি শামসুল আলম বন্ধন, বর্তমান সভাপতি খান আনামুল্লাহমান মাসুম, সহসভাপতি রুজ্জান বখিরুন্নেছা নেতা-কর্মীরা অনশন কর্মসূচি ত্যাগ করে। তাঁরা অনশনকারীদের শারীরিক খোঁজববর নেন। সত্যা সত্যের দিকে অনশনকারীদের সঙ্গে দেখা করা ও প্রশাসনের অবস্থানের বিষয়ে খোঁজববর নেওয়ার জন্য বুদ্ধিগতী ও সাংস্কৃতিক কর্মীরা অনশন তুলে ত্যাগ করেন। এ সময় তাঁরা অনশনকারীদের দাবির সঙ্গে একাত্মতা ঘোষণা করেন। যৌন নিপীড়নবিরোধী নীতিমালা প্রণয়ন ও অভিব্যক্ত শিক্ষকের ছুটি বরখাস্তের দাবি জানিয়ে শহীদ মিনার চত্বরে বক্তব্য দেন বিচারপতি মুহাম্মদ গোলাম রাস্কানী, সাংস্কৃতিক ব্যক্তিত্ব কামাল মোহাম্মদী, অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী, নারীনেত্রী বৃশী কবির, অধ্যাপক শামসুল আলম ও আনু মুহাম্মদ।  
 পরে রাত আটটার দিকে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী উপাচার্য অধ্যাপক মোহাম্মদ মুনিরুজ্জামান অনশন তুলে গিয়ে ১০ সেক্টরের সিডিকেট সভায় সেই শিক্ষকের বিষয়ে সিদ্ধান্ত

নেওয়া হবে বলে জানান। রাত সাড়ে আটটার দিকে তিনি অনশনকারীদের ফলের রস পান করিয়ে অনশন জ্ঞানান।  
 অস্থায়ী উপাচার্য অধ্যাপক মোহাম্মদ মুনিরুজ্জামান প্রথম আলোকে বলেন, নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের অভিব্যক্ত শিক্ষকের বিষয়ে গঠিত তদন্ত কমিটি ১০ সেক্টরের সিডিকেট সভায় তাঁদের প্রতিবেদন জমা দেবে এবং ওই দিনই তাঁর বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। তবে যৌন নিপীড়নবিরোধী নীতিমালায় বিষয়ে তিনি কোনো সিদ্ধান্ত জানাননি।  
 বিভিন্ন সংগঠনের বিবৃতি  
 জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের চলমান অস্থগতনে সংযতি জানিয়েছে বাংলাদেশ মহিলা পরিষদ, বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি, বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ, সমাজতান্ত্রিক ছাত্রসমূহ, মানবাধিকার নাট্য পরিষদ ও নাট্য স্রাজক যত্নসহ বিভিন্ন সংগঠন। গতকাল পাঠানো পৃথক বিবৃতিতে এসব সংগঠনের নেতারা স্রুত যৌন নিপীড়নবিরোধী নীতিমালা প্রণয়নেরও দাবি জানান।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
 অস্থায়ী উপাচার্যের আশ্বাসে  
 অনশন কর্মসূচি স্থগিত  
 করলেন শিক্ষার্থীরা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি  
 যৌন নিপীড়নের অভিযোগ ওঠা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের একজন শিক্ষকে অপসারণ ও যৌন নিপীড়নবিরোধী নীতিমালা প্রণয়নের দাবিতে ওঠা করা জামরগ অনশন কর্মসূচি স্থগিত করেছেন শিক্ষার্থীরা। গতকাল বুধবার রাত্রে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী উপাচার্য ১০ সেক্টরের ওই শিক্ষকের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার আশ্বাস দিলে কর্মসূচি স্থগিত করা হয়। গত পনিবার থেকে বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার চত্বরে নিপীড়নের বিরুদ্ধে জাহাঙ্গীরনগর-এর ব্যানারে এ অনশন ওঠা হয়েছিল।  
 ক্যাম্পাস (সূত্র) জানায়, অনশনে অংশগ্রহণকারী ১৩ জনের মধ্যে নয় শিক্ষার্থী ওরতর অনুষ্ট হয়ে পড়েছেন। তাঁদের মধ্যে শাহাদাৎ উল্লাহ সরকার রুমন, কবির হোসেন, কৌশল চাকমা, শাকিল্লা বাহাজবিন তরী, মাপকুরা রহমান, আল-আমিন, জাফিয়া রাহ্মাক মুনা, মালবিকা সরকার চৈতি ও অঞ্জলি ইসলাম শিমুকে সাজারের গণহাঙ্গু কেন্দ্র হানপাতানে চিকিৎসা দেওয়া হয়েছে। রুমন, কবির হোসেন ও কৌশল চাকমাকে গত বঙ্গলবার রাত্রে এবং অন্যদের গতকাল সকালে ভর্তি করা হয়। রুমনের অবস্থা আপত্তজনক হওয়ায় তাঁকে গণহাঙ্গু কেন্দ্র হানপাতানে থেকে চাকার বঙ্গবদু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে ভর্তি করা হয়েছে।  
 এদিকে ছাত্রী নিপীড়নের অভিযোগ ওঠা শিক্ষকের অপসারণ এবং যৌন নিপীড়নবিরোধী নীতিমালা প্রণয়নের দাবিতে গতকাল শিক্ষার্থীরা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেন। দুপুরে অনশনকারীদের সঙ্গে সংযতি জানান বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী এবং কয়েকজন মানবাধিকার নেতা-কর্মী।  
 এরপর পৃষ্ঠা ১৯ কলাম ৪ ● ছবি: পৃষ্ঠা-৩